রেজিস্টার্ড নং ডি এ ১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ৬, ১৯৯৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(মূল্য সংযোজন কর)**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ৬ই এপ্রিল ১৯৯৭/২৩শে চৈত্র ১৪০৩**

এস. আর. ও. নং ৯৩-আইন/৯৭/১৪৯—মূসক/মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৭২, ধারা ৫ এর উপ-ধারা (৪) এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নির্দিষ্ট সেবার ক্ষেত্রে প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে কর ধার্যকরণ (বিশেষ) বিধিমালা, ১৯৯১ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা :—

উপরি-উক্ত বিধিমালার ২ এ বর্ণিত টেবিলের কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S ০১০ এর বিপরীতে কলাম (৪) এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে নিম্নরূপ এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা :—

"(ক) সেবা প্রদানকারী কর্তৃক বিক্রীত ফ্ল্যাট বা ইমারত বিক্রয় বাবদ সর্বমোট প্রাপ্তির ৪০ শতাংশ নির্মাণ ব্যয় হিসাবে গণ্য হইবে এবং উক্ত নির্মাণ ব্যয়ের ৩৩ শতাংশ অর্থ ;

(খ) যেক্ষেত্রে সেবা প্রদানকারী কর্তৃক বাণিজ্যিক উদ্দেশ্যে ক্রীত ভূমির উন্নয়ন করা হয় সেক্ষেত্রে উন্নয়নকৃত ভূমি বা ভূমির অংশ বিক্রয় বাবদ সর্বমোট প্রাপ্তির ৩৩ শতাংশ অর্থ।"



মূল্যঃ টাকা ১.০০

২। এই প্রজ্ঞাপন ১১ই কার্তিক, ১৪০০ বাং মোতাবেক ২৬শে অক্টোবর, ১৯৯৩ ইং তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**আলাউদ্দিন চৌধুরী**
প্রথম সচিব (মূসক)।

মুহাম্মদ রবিউল ইসলাম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
**মোঃ আতোয়ার রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,**
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।